গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(বাজেট শাখা)
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং- ৪৬. ০০. ০০০০. ০২৩. ০২০. ০০২. ২০১৯- ৪০৪

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতি মোকাবেলায় ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ অর্থ বিভাগের পরিপত্র নং-০৭.১১১.০১৪.০১.০০২.২০১১-১৩৮ তারিখঃ ২২ এপ্রিল ২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতি মোকাবেলায় ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন সংক্রান্ত পরিপত্রটি এ সাথে প্রেরণ করা হল। উক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৬/০৪/২০


(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd


বিতরণঃ

১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক/যুগ্মপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব/উপপ্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা/কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থাঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, অর্থ বিভাগ, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্ম-সচিব<br>৪) যুগ্ম-প্রধান | ১) প্রশাসন<br>২) উপজেলা অধিশাখা<br>৩) উন্নয়ন<br>৪) নগর উন্নয়ন<br>৫) পাস<br>৬) আইন |
| ডাইরি নম্বরঃ...................... | স্বাক্ষর |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-১১ শাখা, বাজেট অধিশাখা-৪
বাজেট অনুবিভাগ-২
www.mof.gov.bd

নং-০৭.১১১.০১৪.০১.০০২.২০১১-১৩৮ তারিখঃ ২২/০৪/২০২০ খ্রিঃ

**পরিপত্র**

**বিষয়ঃ নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতি মোকাবিলায় ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।**

**সূত্রঃ অর্থ বিভাগের ২৯.০৩.২০২০ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০.৭২৫ নং স্মারক।**

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) চূড়ান্ত হয়েছে এবং সে অনুযায়ী অর্থ বিভাগ হতে গত ২৯/৩/২০২০ তারিখে সূত্রোক্ত স্মারকে বাজেট কর্তৃত্ব জারি করা হয়েছে। কিন্তু সমসাময়িক সময়ে বৈশ্বিক মহামারী আকারে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বাংলাদেশেও ছড়িয়ে পড়েছে। করোনা ভাইরাস উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় সরকারকে অগ্রাধিকার খাতসমূহে অতিরিক্ত অর্থ বরাদ্দ করতে হচ্ছে। সে প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

(ক) মন্ত্রণালয়/বিভাগসমূহ তার আওতাধীন দপ্তরসমূহ/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে "সর্বোচ্চ অগ্রাধিকার" চিহ্নিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অব্যাহত রাখবে;

(খ) মন্ত্রণালয়/বিভাগসমূহ "মধ্যম অগ্রাধিকার" চিহ্নিত প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্পের যে সকল খাতে অর্থ ব্যবহার অবশ্যম্ভাবী, মন্ত্রণালয়/বিভাগসমূহ স্বীয় বিবেচনায় সে সকল খাতে অর্থ ব্যয় করবে; এবং

(গ) মন্ত্রণালয়/বিভাগসমূহ "নিম্ন অগ্রাধিকার" প্রকল্পসমূহের অর্থ ছাড় বা ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করবে।

২। স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ এই পরিপত্রের আওতা বহির্ভূত থাকবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
**(মোহাম্মদ ওয়ালিদ হোসেন)**
উপসচিব

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট ভবন, কাকরাইল, ঢাকা। তাঁর আওতাভুক্ত সব অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪। সিনিয়র সচিব/সচিব,............................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫। সদস্য, ...........................................................বিভাগ, (সকল), পরিকল্পনা কমিশন।
৬। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ......................................................... মন্ত্রণালয়/বিভাগ।

নং-০৭.১১১.০১৪.০১.০০২.২০১১-**১৩৮/১(৩)**

তারিখঃ ২২/০৪/২০২০ খ্রি:

**অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)**

১। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

২। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।

22/04/2020

**(লীজা খজা)**
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং- ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০- ৭২৫

তারিখঃ ২৯ মার্চ ২০২০ / ১৫ চৈত্র ১৪২৬

**প্রাপকঃ** হিসাব মহা-নিয়ন্ত্রক
বাংলাদেশ, ঢাকা

মহোদয়,

আমি আদিষ্ট হয়ে এ সাথে **২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বরাদ্দের বিস্তারিত বিভাজন** প্রেরণ করছি। **প্রত্যেক খাতের বিপরীতে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বরাদ্দ হিসেবে উল্লিখিত অর্থের অতিরিক্ত কোন ব্যয় বিল গ্রহণ না করার জন্য অনুরোধ করছি।** তবে এ কর্তৃত্ব জারির পর যেসকল খাতে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হবে সেসকল অতিরিক্ত বরাদ্দ এ সংশোধিত কর্তৃত্বের অংশ হিসেবে গণ্য হবে। উল্লেখ্য, যেসব খাতে ২০১৯-২০ অর্থবছরের মূল মঞ্জুরির অতিরিক্ত অর্থ সংশোধিত বাজেটে বরাদ্দ করা হয়েছে এবং পরবর্তীতে করা হবে সেসব খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে সম্পূরক/অতিরিক্ত আর্থিক বিবৃতির মাধ্যমে যথাসময়ে নিয়মিত করা হবে।

২। উল্লেখ্য, ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত কর্তৃত্ব অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান/অধিদপ্তর/পরিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন অনুমোদিত প্রকল্পের জিওবি অংশের বরাদ্দের অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগ এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের কোন সম্মতির প্রয়োজন হবে না। উক্ত অর্থ স্বয়ংক্রিয়ভাবে ছাড় হয়েছে বলে গণ্য হবে। প্রকল্প পরিচালকগণ এ অর্থ সরাসরি ব্যবহার করতে পারবেন। তবে সংশোধিত অননুমোদিত/অননুমোদিত প্রকল্পসহ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পের অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা, ২০১৮ এর বিদ্যমান পদ্ধতি অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
**(সিরাজুন নূর চৌধুরী)**
যুগ্মসচিব (বাজেট-১)
☎ ৯৫৭৬০৪৩

নং- ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০- ৭২৫

তারিখঃ ২৯ মার্চ ২০২০ / ১৫ চৈত্র ১৪২৬

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বরাদ্দের অনুলিপি অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অর্থ বিভাগের সংশ্লিষ্ট সকল উপসচিব/সিনিয়র সহকারী সচিব-এর নিকট প্রেরণ করা হল। সংশোধিত বরাদ্দের বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক বিভাজন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণের জন্য অর্থ বিভাগের সংশ্লিষ্ট উপসচিব/সিনিয়র সহকারী সচিবদের অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ কর্তৃত্ব জারির পর যেসকল খাতে অর্থ বিভাগ কর্তৃক অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হবে সেসকল অতিরিক্ত বরাদ্দ এ সংশোধিত কর্তৃত্বের অংশ হিসেবে গণ্য হবে এবং পরবর্তীতে সম্পূরক/অতিরিক্ত আর্থিক বিবৃতির মাধ্যমে যথাসময়ে নিয়মিত করা হবে।

স্বাক্ষরিত/-
**(মোহাম্মদ আনিসুজ্জামান খান)**
উপসচিব
☎ ৯৫১৪১৪৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
২। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুন বাগিচা, ঢাকা
৩। উপসচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট অধিশাখা/শাখা-........, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ

খ

নং- ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০- ৭২৫

তারিখঃ ২৯ মার্চ ২০২০ / ১৫ চৈত্র ১৪২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশোধিত বরাদ্দের অনুলিপি প্রেরণ করা হল। **যেসব ক্ষেত্রে মূল মঞ্জুরির পরিমাণ সংশোধিত বরাদ্দ হতে বেশি এবং ইতোমধ্যে সংশোধিত বরাদ্দের তুলনায় বেশী অর্থ ছাড় কিংবা ব্যবহার হয়েছে সেসব ক্ষেত্রে সংশোধিত বরাদ্দের তুলনায় যে পরিমাণ অর্থ বেশী ছাড় কিংবা ব্যবহার হয়েছে সে পরিমাণ অর্থ অবিলম্বে সমর্পণ/সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।** এরূপ সমর্পণ/জমাকৃত অর্থ সংশ্লিষ্ট পত্রাদির দু'টি প্রতিলিপি সর্বশেষ ২০২০ সালের জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অবশ্যই অর্থ বিভাগে পাঠাতে হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ব্যতীত কোন অধিদপ্তর, পরিদপ্তর কিংবা অধঃস্তন অফিস কর্তৃক অর্থ প্রত্যর্পণ সম্পর্কিত প্রেরিত পত্রাদি অর্থ বিভাগ কর্তৃক বিবেচিত হবে না।

২৯.৩.২০২০

**(মোহাম্মদ আনিসুজ্জামান খান)**
উপসচিব
☎ ৯৫১৪১৪৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩। সিনিয়র সচিব / সচিব, ..........................................................................